

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৭/১(৫০৭)/১(২২) তারিখ: ০৩.০২.২০২১ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ব্যাংক একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য আপডেটকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহের HSP MIS এ তথ্য আপডেট করার জন্য ইতোপূর্বে একাধিক বার পত্র প্রদান করা হলেও বহু শিক্ষা প্রতিষ্ঠান অদ্যাবধি প্রতিষ্ঠানের অনলাইন ব্যাংক একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য আপডেট করেনি। এছাড়াও অনেক শিক্ষা প্রতিষ্ঠান ম্যানুয়াল ব্যাংক একাউন্ট নম্বর এন্ট্রি করেছে। অনলাইন ব্যাংক একাউন্ট নম্বরসহ (১৩ থেকে ১৭ ডিজিট) অন্যান্য তথ্য আপডেট না করলে শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি প্রেরণ করা সম্ভব হবে না। আগামী ১০.০২.২০২১ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য আপডেট করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য আপডেট না করার কারণে যদি কোন প্রতিষ্ঠান টিউশন ফি না পেয়ে থাকে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

প্রতিষ্ঠানের তথ্য আপডেট করার জন্য নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

১। HSP MIS এ লগইন করার নিয়মাবলী:

HSP MIS এর লিংক (<http://hspbd.com/HSP-MIS/login>) লগইন করলে একটি স্ক্রিন প্রদর্শিত হবে। উপবৃত্তির জন্য প্রথমটি অর্থ্যাৎ হারমোনাইজড স্টাইপেন্ড প্রোগ্রাম (এইচএসপি) এ ক্লিক করলে User name/ID ও Password টাইপ করে লগইন বাটনে ক্লিক করতে হবে। ড্যাশবোর্ড প্রবেশ করে প্রতিষ্ঠানের নাম ঠিক আছে কিনা নিশ্চিত হয়ে কাজ শুরু করতে হবে।

২। প্রতিষ্ঠানের তথ্য আপডেট করার নিয়মাবলী:

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশনে' ক্লিক করতে হবে।
- 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন।
- 'প্রতিষ্ঠান তালিকায়' গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন।
- 'সম্পাদন' বাটনে ক্লিক করুন। অতঃপর প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মে তথ্যসমূহ অর্থ্যাৎ প্রতিষ্ঠান তথ্য, প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য, প্রতিষ্ঠান ঠিকানা, পেমেন্টের তথ্য আপডেট করতে হবে।
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর এন্ট্রি করতে হবে।

User name/ID ও Password ব্যবহার করে HSP MIS এ লগইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে hsp.sstipend@gmail.com ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

(শরীফ মোর্তজা মামুন)

স্কিম পরিচালক

ফোন : ০২-৯৫৬৩৪১২

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা


সকল উপজেলা/থানা।

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৭/১(৫০৭)/১(২২) তারিখ: ০৩.০২.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

- ৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ৮। প্রতিষ্ঠান প্রধান (স্বিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
(পিএমইএটি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১১। সংরক্ষণ নথি।


106/02/2021
(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
ফোন : ০২-৯৫৬৫৯৫৯